গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী
সংস্থাপন শাখা
www.narsingdi.gov.bd

নম্বর: ০৫.৩০.৬৮০০.১১০.১১.০০১.২৩- ৪৬২

তারিখ: ২৯ কার্তিক ১৪৩০
১৪ নভেম্বর ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৬ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩৬.১৫-৮৮ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সমূহের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহের সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী জনবল নিয়োগের নিমিত্ত নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নম্বর | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | উপ-প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন: সাঁটলিপিকার কাম-কম্পিউটার-অপারেটর) গ্রেড-১৩ ও বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- | ০৩ (তিন)টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে;<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি কমপক্ষে ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০২ | কম্পিউটার অপারেটর গ্রেড-১৩ ও বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- | ০১ (এক)টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট,প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা ও কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে;<br>(গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৩ | সহকারী প্রশাসনিক কর্মকর্তা (পূর্বতন: সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার-অপারেটর)গ্রেড-১৪ ও বেতনস্কেল-১০২০০-২৪৬৮০/- | ০৫(পাঁচ)টি | ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা;<br>(গ) কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে বেসিক ধারণা; এবং<br>(ঘ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ;<br>(ঙ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ, কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দের গতি থাকতে হবে। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪ | হিসাব সহকারী<br>গ্রেড-১৬ ও বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ)টি | ক) স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>গ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ এবং ইংরেজিতে ২০ শব্দ। |
| ০৫ | কম্পিউ<br>গ্রেড-১৬ ও বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৫ (পাঁচ)টি | ক) স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>গ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ এবং ইংরেজিতে ২০ শব্দ। |
| ০৬ | বেঞ্চ সহকারী<br>গ্রেড-১৬ ও বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৬ (ছয়)টি | ক) স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>গ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ এবং ইংরেজিতে ২০ শব্দ। |
| ০৭ | সার্টিফিকেট সহকারী<br>গ্রেড-১৬ ও বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- | ০৩ (তিন)টি | ক) স্বীকৃত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা; এবং<br>গ) কম্পিউটার কম্পোজে গতি প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০ এবং ইংরেজিতে ২০ শব্দ |
| | সর্বমোট | ২৮ টি | |

**২। আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

ক. প্রার্থীর বয়সসীমা ৩০/১১/২০২৩ খ্রি. তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা,বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং শারিরীক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

গ. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

ঘ. চাকুরীর জন্য আবেদন অনলাইনের মাধ্যমে আগামী ১৬ নভেম্বর, ২০২৩ তারিখ সকাল ১০.০০টা হতে ৩০ নভেম্বর, ২০২৩ বিকাল ৫.০০টা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

ঙ. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যাবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

CamScanner

চ. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে সে দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ছ. কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

**৩। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলিঃ**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcnarsingdi.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ১৬/১১/২০২৩খ্রি. সময় সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ৩০/১১/২০২৩ খ্রি. সময় বিকাল ৫.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি user id, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি ২০০/-টাকা+teletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-টাকা+ সনদ যাচাই চার্জ বাবদ ১০/-টাকাসহ সর্বমোট ২৩৩/-টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশপূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DCNARSINGDI User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCNARSINGDI ABCDEF
Reply: Applicant's Name, Tk. 233 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCNARSINGDI Yes PIN and send to 16222.
দ্বিতীয় SMS: DCNARSINGDI Yes space PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCNARSINGDI YES 12345678
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCNARSINGDI Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

CamScanner

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcnarsingdi.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষার সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন,

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে DCNARSINGDI Help User User ID & Send to 16222
Example: DCNARSINGDI Help 12345678 & Send to 16222
(ii) PIN Number জানা থাকলে: DCNARSINGDI Help PIN PIN No & Send to 16222.
Example: DCNARSINGDI Help PIN 12345678 & send to 16222.

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.quary@teletalk.com.bd বা dcnarsingdi@mopa.gov.bdবা acestnarsingdi@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

**৪। প্রার্থীর যোগ্যতা যাচাইঃ**

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

ক. অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's Copy) ও প্রবেশপত্র (Admit Card)

খ. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;

গ. নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ঘ. জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

চ. চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তি পত্র;

ছ. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

জ. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনকারীরর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ঝ. অন্যান্য কোটা যেমন- এতিম, শারিরীক প্রতিবন্ধী, আনসার/ভিডিপি কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

CamScanner

৯) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী

১০) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নরসিংদী

১১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/ অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব)/ (সার্বিক)/ (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী

১২) উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর/ পলাশ/ শিবপুর/মনোহরদী/ বেলাব/রায়পুরা, নরসিংদী [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]

১৩) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ, রাজউক কর্মাশিয়াল কমপ্লেক্স(১১তলা),হোল্ডিং#৩/এ,৫/এ,৭/এ,রোড#১৭,গুলশান ১,ঢাকা-১২১৭

১৪) সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর/ পলাশ/ শিবপুর/মনোহরদী/ বেলাব/রায়পুরা, নরসিংদী [বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]

১৫) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী [বিজ্ঞপ্তিটি জেলা তথ্য বাতায়নের নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]

১৬) সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, নরসিংদী

১৭) তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নরসিংদী

১৮) সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার..............................................................নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ভিতরের পাতায় ০১(এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের অনুরোধ করা হলো।

১৯) পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, নরসিংদী

২০) জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নরসিংদী

২১) কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা সংসদ, নরসিংদী

২২) সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

২৩) জেলা নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী। (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

জেলা প্রশাসক
নরসিংদী

CS CamScanner

৫। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.narsingdi.gov.bd ওয়েবসাইট অথবা বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd হতে;
অথবা, QR Code স্ক্যান করে জানা যাবে।

৬। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রত্তিপাদন সম্পাদন করা হবে।

৭। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/ পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়ণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১০। উপরে উল্লেখিত হয়নি এমন যেকোন বিষয়ে সর্বশেষ জারিকৃত বিধিবিধান অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

ড. বদিউল আলম
জেলা প্রশাসক
ফোন : +৮৮০২৯৪৬২৪৮৬
ফ্যাক্স : +৮৮০২-৯৪৬৪৪৩৩
ই-মেইল:dcnarsingdi@mopa.gov.bd

২৯ কার্তিক ১৪৩০